

- ৫.৯ কোন পরীক্ষার্থী সকল বিষয়ে কৃতকার্য হওয়ার পর CGPA প্রাপ্ত হলে এবং প্রাপ্ত CGPA এর মান উন্নয়নে আগ্রহী হলে শিক্ষার্থী বোর্ড কর্তৃক নির্ধারিত ফি প্রদান করে ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বের পঠিত বিষয়সমূহের মধ্যে মান উন্নয়নে আগ্রহী সর্বোচ্চ ০৬ (ছয়) টি তাত্ত্বিক বিষয়ে পরবর্তী পর্ব সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। পরীক্ষায় অংশগ্রহণ করে কোন বিষয়ে মান উন্নয়ন হলে সেটিকে বিবেচনায় নেওয়া হবে নতুবা ঐ বিষয়ের পূর্বের ফলাফল বহাল থাকবে। মান উন্নয়নকৃত বিষয়সমূহের ফলাফলের উপর সংশ্লিষ্ট পর্বের GPA এবং সমন্বিত CGPA প্রদান করা হবে। তবে এ সুযোগ শুধুমাত্র CGPA প্রাপ্তির পরবর্তী পর্ব সমাপনী পরীক্ষার জন্য প্রযোজ্য হবে এবং তা একবারই গ্রহণ করা যাবে।

৬.০ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এর নিয়মাবলী ও নম্বরবন্টন (Rules and Mark Distribution of Industrial Training):

- ৬.১ ৮ম পর্বে ১৬ (ষোল) সপ্তাহের ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর ১২ (বার) সপ্তাহ সংশ্লিষ্ট ইন্ডাস্ট্রি/সংস্থায় সম্পন্ন করতে হবে এবং ৪ (চার) সপ্তাহ সংশ্লিষ্ট ইনস্টিটিউটে সম্পন্ন করতে হবে;
- ৬.২ শিল্প কারখানা/সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত প্রশিক্ষক এবং সংশ্লিষ্ট ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক যৌথভাবে শিল্প প্রতিষ্ঠানে ১২ (বার) সপ্তাহব্যাপী ট্রেনিং কার্যক্রম পরিচালনা, তদারকি ও মূল্যায়ন করবেন;
- ৬.৩ ইনস্টিটিউটের ০৪ (চার) সপ্তাহ ট্রেনিং এ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান কর্তৃক নির্ধারিত প্রজেক্ট প্রস্তুত করতে হবে।
- ৬.৪ ইন্ডাস্ট্রি/সংস্থায় ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ০৪ (চার) সপ্তাহসহ মোট ১৬ (ষোল) সপ্তাহের কার্যক্রমের উপর একটি প্রতিবেদন তৈরি করে শিক্ষার্থীদের ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষার সময় মূল্যায়নের জন্য পরীক্ষকদের সামনে উপস্থাপন করতে হবে;
- ৬.৫ বোর্ড কর্তৃক নিযুক্ত অনাভ্যন্তরীণ পরীক্ষক সংশ্লিষ্ট ইনস্টিটিউটের দায়িত্বপ্রাপ্ত শিক্ষক এবং বিভাগীয় প্রধান যৌথভাবে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং এর ব্যবহারিক পর্ব সমাপনী পরীক্ষা এবং গ্রাজুয়েশন প্রজেক্ট মূল্যায়ন করবেন এবং মূল্যায়নকৃত নম্বর বোর্ড নির্ধারিত নম্বরপত্রে লিপিবদ্ধ করে যৌথ স্বাক্ষরে বোর্ড নির্ধারিত সময়ের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের বরাবর প্রেরণ করতে হবে;
- ৬.৬ কোন শিক্ষার্থীর হাজিরা ৮০% এর কম থাকলে ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং-এ অনুষ্ঠীর্ণ ঘোষণা করা হবে;
- ৬.৭ ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ১২ (বার) ক্রেডিট এর একটি ব্যবহারিক বিষয় হিসেবে বিবেচিত হবে, যার মোট নম্বর হবে ৬০০ (ছয়শত)। উক্ত মোট নম্বরের ব্যবহারিক ধারাবাহিকে ৫০% এবং ব্যবহারিক পর্ব সমাপনীতে ৫০% নম্বর নির্ধারিত থাকবে। ইন্ডাস্ট্রি/সংস্থায় ট্রেনিং এর ব্যবহারিক ধারাবাহিক এবং ব্যবহারিক পর্বসমাপনী পরীক্ষায় পৃথকভাবে ন্যূনতম C+ গ্রেড বা শতকরা ৫০ নম্বর পেয়ে উত্তীর্ণ হতে হবে;
- ৬.৮ ইন্ডাস্ট্রি/সংস্থায় ট্রেনিং-এ ব্যবহারিক ধারাবাহিক নম্বরের ৫০% অর্থাৎ ৩০০ (তিনশত) নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলো;

দৈনন্দিন কাজ/জব	১৫০
হাজিরা	৯০
দৈনন্দিন কাজের রেকর্ড সংরক্ষণ (লগ বই)	৬০
মোট	৩০০
[হাজিরাঃ ৯০% বা এর উপর (আনুপাতিক হারে) = ৭০-৯০, ৮০-৮৯% (আনুপাতিক হারে) = ৫০-৬৯]	

- ৬.৯ ইন্ডাস্ট্রি/সংস্থায় ট্রেনিং-এর ব্যবহারিক সমাপনী পরীক্ষার নম্বরের ৫০% অর্থাৎ ৩০০ নম্বরের বিভাজন নিম্নে প্রদান করা হলোঃ

প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন	৫০
প্রতিবেদন মূল্যায়ন	১০০
গ্রাজুয়েশন প্রজেক্ট প্রস্তুত ও উপস্থাপন	৭৫
গ্রাজুয়েশন প্রজেক্ট মূল্যায়ন	৭৫
মোট	৩০০

৭.০ নম্বরপত্র ও সনদপত্র প্রদান (Issuing Certificate and Transcript):

- ৭.১ ১ম, ২য়, ৩য়, ৪র্থ, ৫ম, ৬ষ্ঠ, ৭ম ও ৮ম পর্বের Academic Transcript ইংরেজি ভাষায় বোর্ড কর্তৃক প্রদত্ত হবে;
- ৭.২ সনদপত্রে শিক্ষাক্রমের নাম ইংরেজি ভাষায় "Diploma-in-Engineering" হবে ;


০২/০৯/২২



